

## জীবন বৃত্তান্ত



জনাব খালেদা বেগম এর জন্ম ০৮ মাস ০৬ বছর ১৯৬১ বরিশাল জেলায়। তাঁর পিতার নাম মো: আশ্রাফ আলী মিয়া ও মাতার নাম সুফিয়া বেগম। তিনি বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি এবং সরকারি বরিশাল কলেজ হতে এইচ.এস.সি. সম্পন্ন করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

তিনি ২৮/১১/১৯৮৮ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে শাখা সহকারী হিসেবে চাকুরী জীবন শুরু করেন। তিনি গত ১১/১১/২০১২ তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে সৌদি আরব ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত। ০১ (এক) পুত্র ও ০১ (এক) কন্যা সন্তানের জননী।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। বিগত ১১/১১/২০১২ তারিখ হতে তিনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত আছেন।